গলদা চিংড়ি চাষে সতর্কতাসমূহ

পুকুর নির্বাচন বিবেচ্য বিষয়সমূহ

- উচুঁ পাড়যুক্ত বন্যা ও দূষণমুক্ত পুকুর নির্বাচন
- পুকুরের মাটি বেলে-দোআঁশ/দোআঁশ/পলি-দোআঁশ প্রকৃতির
- তলায় পচাঁ জৈব পদার্থের পরিমান কম হবে
- গড় গভীরতা ৫-৭ ফুট

পুকুর প্রস্তুতিকালীন করণীয়

- সকল প্রকার অবাঞ্চিত ও রাক্ষুসে মাছ দূরীকরণ
- প্রতি শতকে ১ কেজি হারে চুন প্রয়োগ
- প্রাকৃতিক খাদ্য নিশ্চিতের জন্য বিঘা প্রতি ৩০০ গ্রাম ইউরিয়া এবং ৩০০ গ্রাম টিএসপি প্রয়োগ

ফেন্সিং ও আশ্রয়স্থল স্থাপন

- পিএল/জুভেনাইল মজুদ পূর্বে পুকুর পাড় মশারি জাল দ্বারা ঘিরে দেওয়া
- আশ্রয়স্থল হিসেবে প্রতি শতকে ৮-১০ ফুট সাইজের ১টি করে পিভিসি পাইপের অংশ বা কঞ্চির গোছা (১০-১২ টি একসঙ্গে) বা প্রতি শতকে ১টি করে তাল/নারিকেল/খেঁজুর গাছের ডাল ৪৫ ডিগ্রী কোণে স্থাপন। তবে তাল/নারিকেল/খেঁজুর ডাল পচঁনের পূর্বে অপসারণ করতে হবে

মজুদকালীন বিবেচ্য বিষয়সমূহ

- সিলভার,গ্রাসকার্প, কাতলা, রুই মূল প্রজাতি কার্পপ্রজাতি হিসেবে মজুদ
- কার্পিও, মৃগেল, কালিবাউস ইত্যাদি মাছ কম সংখ্যক মজুদ
- পিএল/জুভেনাইল মজুদের নূন্যতম ১০ দিন পূর্বে অতিরিক্ত সুজি বা মাখন পোকা নিয়ন্ত্রণ এবং অ্যামোনিয়া দূরিকরণের জন্য প্রয়োজনীয় চিকিৎসা সম্পন্ন করা
- অতিরিক্ত পীড়ন এড়াতে দূরবর্তী প্রাকৃতিক উৎসের তুলনায় নিকটবর্তী হ্যাচারি হতে পিএল বা জুভেনাইল সংগ্রহ
- একই আকারের পিএল বা জুভেনাইল মজুদ

গলদা চিংড়ির খাদ্য ব্যবস্থাপনা

- ৩০-৪০% প্রোটিনসমৃদ্ধ খাদ্য সকাল-সন্ধ্যা দু'বার বলাকারে প্রয়োগ
- প্রতি ১০০০ টি জুভেনাইলের জন্য দৈনিক ২৫০ গ্রাম খাদ্য প্রয়োগ
- দৈনিক খাদ্য হিসেবে খুদ সিদ্ধ বা শামুকের মাংসল চূর্ণ বা দানাদার ডুবন্ত খাবার ২৫০ গ্রাম হারে প্রয়োগ
- অধিক ফলন নিশ্চিতে সন্ধ্যার সময় আধা কেজি কোমল ঘাসচূর্ণ প্রয়োগ
- চিংড়ির দেহ ওজনের ১ম মাসে ৫%, ২য় মাসে ৪%, ৩য় মাসে ৩% এবং পরবর্তী মাসগুলোতে ২% হারে খাদ্য প্রয়োগ করা যেতে পারে

চিংড়ির খোলস পরিবর্তনকালীন করণীয়

- প্রতি অমাবস্যা ও পূর্ণিমার পূর্বে পুকুরে চিংড়ির আশ্রয়স্থল নিশ্চিত করা
- খোলস পরিবর্তন বা molting period এর পর প্রতি শতকে ১০০ গ্রাম হারে ডলোচুন ব্যবহার করা



গলদা চিংড়ি পুকুরে ফেন্সিং (মশারি জাল স্থাপন)

যা অবশ্যই পালনীয়

- দ্রবীভূত অক্সিজেন সর্বদা ৫-৭ মি.গ্রাম/লিঃ রাখা
- অ্যামোনিয়া সর্বদা ০ বা >০.০২৫ মি.গ্রাম/লিঃ রাখা
- পিএইচ লেভেল সর্বদা ৭.৫-৮.৫ এর মধ্যে রাখা
- পানির স্বচ্ছতা সর্বদা ২৫-৩৫ সে.মি রাখা
- পিএল/জুভেনাইল মজুদের পর সাইপারমেথ্রিন জাতীয় ঔষধ ব্যবহার না করা



গলদা চাষে উন্নত ব্যবস্থাপনা অতীব জরুরি

কৃতজ্ঞতাঃ জনাব মোঃ তোফাজউদ্দীন আহমেদ, উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী

মৎস্য অধিদপ্তর, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ